

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৭০(আগরতলা, ২১০২)
বিশালগড়, ২১ ফেব্রুয়ারি, ২০১৯

বিশালগড় মহকুমায় সৌভাগ্য প্রকল্পে বিদ্যুৎ সংযোগ

সৌভাগ্য প্রকল্পে বিশালগড় মহকুমায় গত জানুয়ারি মাস পর্যন্ত ২ হাজার ৩৫৬ টি পরিবারের বাড়িতে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। এই প্রকল্পে চড়িলাম ব্লকের ৯১৯টি এবং বিশালগড় ব্লকের ১ হাজার ৪৩৭টি পরিবারের বাড়িতে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। বিদ্যুৎ দপ্তরের সিপাহীজলা কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।
